Department of Education
Chancellor Richard A. Carranza

হাই স্কুল এবং মিডল্ স্কুল অপেক্ষা-তালিকাসমূহ



বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আমার সন্তান বর্তমানে কোন্ অপেক্ষা তালিকাগুলোতে রয়েছে? আপনার সন্তান আপনা-আপনি অপেক্ষা-তালিকায় আছে সেসব প্রোগ্রামে, তার আবেদনপত্রে যে প্রোগ্রামগুলো ভর্তির অফারপ্রাপ্ত স্কুলের চাইতে উপরে ছিল। যেমন, আপনার সন্তান যদি তার তৃতীয় শীর্ষ বাছাই প্রোগ্রামে অফার লাভ করে, তাহলে সে তার প্রথম ও দ্বিতীয় পছন্দের প্রোগ্রামের অপেক্ষা-তালিকা থাকবে। আপনার সন্তার যদি তার প্রথম পছন্দের প্রোগ্রামে অফার পায়, তাহলে সে আপনা-আপনিভাবে কোনো অপেক্ষা তালিকায় থাকবে না।

আমি কি আমার সন্তানের নাম বাড়তি কোনো অপেক্ষা তালিকায় যোগ করতে পারবো? হ্যাঁ! সন্তানের মূল আবেদনপত্রে সেসব প্রোগ্রাম অন্তর্ভুক্ত করেছেন কি-না, সে বিবেচনা ছাড়াই আপনি আপনার সন্তানের নাম বাড়তি অপেক্ষা তালিকায় অন্তর্ভুক্ত করতে পারবেন। আপনি শুধু আপনার সন্তানের নাম সেসব প্রোগ্রামে অন্তর্ভুক্ত করতে পারবেন, যেগুলোর জন্য সে যোগ্য।

আমি কীভাবে আমার সন্তানের নাম অপেক্ষা তালিকায় যুক্ত করবো? আপনার সন্তানকে অপেক্ষা-তালিকায় অন্তর্ভুক্ত করতে পারেন অনলাইনে মাই স্কুলস্-এ গিয়ে (MySchools.nyc), আপনার সন্তানের বর্তমান স্কুলে গিয়ে, কিংবা কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে (schools.nyc.gov/WelcomeCenters)উপস্থিত হয়ে।

আমি কি আমার সন্তানকে অপেক্ষা তালিকা থেকে বাদ দিতে পারবো? হ্যাঁ! আপনার সন্তানকে যদি আপনি অপেক্ষা তালিকায় না রাখতে চান, আপনি তার নাম প্রত্যাহার করতে পারেন অনলাইনে মাই স্কুলস্-এ গিয়ে (MySchools.nyc), আপনার সন্তানের বর্তমান স্কুলে গিয়ে, কিংবা কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে (schools.nyc.gov/WelcomeCenters) উপস্থিত হয়ে।

আমি কীভাবে দেখবো যে আমার সন্তান কোন্ অপেক্ষা তালিকায় আছে? আপনার সন্তানের নাম যদি আপনা-আপনি কোনো অপেক্ষাতালিকায় যুক্ত হয়, আপনার অফারের চিঠিতে সেসব প্রোগ্রামের তালিকা থাকবে। যেকোনো সময় আপনি মাই স্কুলস্-এ (MySchools.nyc) লগইন করে বা আপনার সন্তানের বর্তমান স্কুলে যোগাযোগ করে দেখতে পারেন আপনার সন্তান কোন্ অপেক্ষা তালিকায় যুক্ত আছে।

আমি কি অপেক্ষা-তালিকায় আমার সন্তানের অবস্থান দেখতে পারি? হ্যাঁ! আপনি যে কোনো অপেক্ষা-তালিকায় আপনার সন্তানের অবস্থান দেখতে পারেন মাইস্কুলস্-এ লগইন(MySchools.nyc) অথবা আপনার সন্তানের বর্তমান স্কুলের সাথে যোগাযোগ করে।

সকল স্কুল কী অপেক্ষা তালিকা থেকে অফার দেবে? নয়টি স্পেশালাইজড হাই স্কুল ছাড়া সকল স্কুলের অপেক্ষা তালিকা আছে। যেসব স্কুলে একাধিক প্রোগ্রাম থাকে তাদের প্রতিটি প্রোগ্রামের জন্য অপেক্ষা তালিকা থাকবে। প্রতিটি প্রোগ্রামের জন্য বিদ্যমান আসনসংখ্যার অধিক অফার প্রদান করা হয়। এর অর্থ হলো কিছু স্কুল অপেক্ষা-তালিকা থেকে অফার না-ও দিতে পারে, এমন কি কিছু শিক্ষার্থী তাদের অফার প্রত্যাখ্যান করার পরেও।

কোনো অপেক্ষা তালিকায় আমার সন্তানের অবস্থান কি পরিবর্তিত হতে পারে? হ্যাঁ। কোনো অপক্ষা তালিকায় আপনার সন্তানের অবস্থান পরিবর্তিত হবে যদি কোনো প্রোগ্রাম অপেক্ষা তালিকা থেকে অফার প্রদান করে, কিংবা উচ্চতর অগ্রাধিকার গ্রুপের কোনো শিক্ষার্থী যদি অপেক্ষা তালিকায় যুক্ত হয়।

আমি কীভাবে জানবো যে আমার সন্তান কোনো অপেক্ষা-তালিকা থেকে অফার পাচ্ছে কিনা? যদি কোনো স্কুল আপনার সন্তানকে অপেক্ষা-তালিকা থেকে অফার দেয়, তাহলে তারা আপনার সাথে সরাসরি ফোনে যোগাযোগ করবে। আপনি যদি আবেদনপত্র অনলাইনে MySchools.nyc ওয়েবসাইটে জমা দেন, তাহলে আপনি একটি ইমেইল নোটিফিকেশন পাবেন এবং মাই স্কুলস্-এ সে অফার দেখতে পারেন।

অপেক্ষা তালিকা সম্পর্কে প্রশ্ন থাকলে আমি কার সাথে যোগাযোগ করতে পারি?

- আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের সাথে কথা বলুন
- একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করুন - **schools.nyc.gov/WelcomeCenters** -এই ওয়েবসাইট থেকে ঠিকানা ও সময়সূচি জেনে নিন।

আমি অপেক্ষা-তালিকার অফার গ্রহণ করবো কী না, সে সিদ্ধান্ত নিতে আমি কতটুকু সময় পাবো? আপনার সন্তান যদি কোনো অপেক্ষা তালিকা থেকে অফার পায়, তাহলে স্কুলটি একটি সময়সীমা বেঁধে দেবে যে সময়সীমার মধ্যে আপনাকে অফারটি গ্রহণ বা প্রত্যাখ্যান করতে হবে।

আমি কীভাবে অফার গ্রহণ বা প্রত্যাখ্যান করবো? আপনি অপেক্ষা-তালিকার অফার গ্রহণ বা প্রত্যাখ্যান করতে পারেন অনলাইনে MySchools-এ (**MySchools.nyc**) কিংবা সরাসরি ফোনে প্রোগ্রামের সাথে যোগাযোগ করে। সাহায্য প্রয়োজন? আপনার স্কুল কাউন্সেলরকে বলুন কিংবা একটি ফ্যামেলি ওয়েলকাম সেন্টার যান।

আমি যদি কোনো অপেক্ষা-তালিকার অফার গ্রহণ করি, সেটা কি বর্তমান অফারের স্থলাভিষিক্ত হবে? হ্যাঁ। আপনার সন্তান শুধু একটি চলমান অফার সংরক্ষণ করতে পারবে। আপনি কোনো অপেক্ষা-তালিকার অফার গ্রহণের সিদ্ধান্ত নিয়ে থাকলে সেটা সন্তানের বর্তমান অফারের স্থলাভিষিক্ত হবে।

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য কী কোনো অপেক্ষা তালিকা আছে? হ্যাঁ। প্রতিটি মিডল্ এবং হাই স্কুল প্রোগ্রামে সাধারণ শিক্ষার শিক্ষার্থী ও প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের আসন থাকে। সকল শ্রেণির আসনের জন্য আলাদা অপেক্ষা তালিকা রয়েছে। অর্থাৎ আপনার সন্তান যদি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের আসনের যোগ্য হয়, তাহলে সে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর অপেক্ষা তালিকায় থাকবে; আপনার সন্তান যোগ্য না হলে সে সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের অপেক্ষা তালিকায় থাকবে। আপনার **MySchools.nyc** অ্যাকাউন্টে দেখা যাবে কোন্ গ্রুপের আসনের জন্য (এবং অপেক্ষা তালিকা) আপনার সন্তান যোগ্য। এটা এমন কিছু নয় যা আপনি বেছে নিতে বা সম্পাদনা করতে পারেন—মিডল স্কুল বা হাই স্কুলের ভর্তি গাইড থেকে আরও জেনে নিন।

প্রতিটি অপেক্ষা তালিকায় আমার সন্তানের অবস্থান কীভাবে নির্ধারিত হয়?

- আপনার সন্তানের আপনা-আপনি যুক্ত হওয়া অপেক্ষা তালিকার ক্ষেত্রে: যদি কোন প্রোগ্রাম শিক্ষার্থীদের অগ্রাধিকার গ্রুপ অনুসারে শিক্ষার্থীদের ভর্তি করে, তাহলে সেটি অগ্রাধিকার গ্রুপ অনুযায়ী অপেক্ষা তালিকার অফার দেবে। যদি কোনো প্রোগ্রাম বাছাইকৃত ভর্তি প্রক্রিয়া ব্যবহার করে, তাহলে অপেক্ষা তালিকায় শিক্ষার্থীদের অবস্থান নির্ণীত হবে কীভাবে প্রোগ্রাম তাদেরকে অগ্রাধিকারক্রমে বিবেচনা করে, সেটার উপর নির্ভর করে; অন্য সকল প্রোগ্রামের ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে নির্বিচার পদ্ধতিতে তাদেরকে অগ্রাধিকার গ্রুপ অনুযায়ী ক্রমানুসারে স্থান দেওয়া হবে।
- সন্তানকে আপনার যুক্ত করা অপেক্ষা তালিকার ক্ষেত্রে: আপনি যদি সন্তানকে কোন বাড়তি অপেক্ষা তালিকায় যুক্ত করে থাকেন, তাহলে আপনার সন্তানের অবস্থান হবে সে অপেক্ষা তালিকায় একই অগ্রাধিকার গ্রুপের ইতোমধ্যে বিদ্যমান শিক্ষার্থীদের সবার শেষে।

আমার সন্তানকে কি আমি একটি বাছাইকৃত প্রোগ্রামের অপেক্ষা তালিকায় যোগ করতে পারি? হ্যাঁ। তবে, যদি আপনি প্রোগ্রামটিকে আপনার মূল আবেদনপত্রে অন্তর্ভুক্ত করে না থাকেন, তাহলে স্কুলটি তাকে ক্রমানুযায়ী বিবেচনা করবে না।